

...

সভাপতি	মোঃ আজহারুল আমিন অতিরিক্ত পরিচালক
সভার তারিখ	১৬/০৮/২০২১ খ্রিঃ
সভার সময়	বেলা ১১:০০ ঘটিকা
স্থান	বিএলআরআই এর প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষ
উপস্থিতি	সংযুক্তি-০১ অনুযায়ী

**গত ১৬/০৮/২০২১ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত বিএলআরআই-এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সংক্রান্ত সভার কার্যবিবরণী**

গত ১৬ আগস্ট, ২০২১ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় বিএলআরআই এর অতিরিক্ত পরিচালক মোঃ আজহারুল আমিন এর সভাপতিত্বে জুম প্ল্যাটফর্মে এপিএ মূল্যায়ন কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যদের তালিকা নিম্নরূপ।

ক্রমিক নং	নাম	পদবি	স্বাক্ষর
০১।	মোহাম্মদ লুৎফুল হক	সিস্টেম এনালিস্ট	স্বাক্ষরিত
০২।	ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ	পিএসও	স্বাক্ষরিত
০৩।	মোঃ আশরাফুল ইসলাম	নির্বাহী প্রকৌশলী	স্বাক্ষরিত
০৪।	মোঃ রেজাউল হাই রাকিব	এসএসও	স্বাক্ষরিত
০৫।	মোঃ আল-মামুন	লাইব্রেরিয়ান	স্বাক্ষরিত
০৬।	মোঃ এনামুল হক খন্দকার	হিসারব রক্ষণ কর্মকর্তা (অ: দা:)	স্বাক্ষরিত


সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচ্য সূচি অনুযায়ী কমিটির সদস্য মোঃ রেজাউল হাই রাকিব, এসএসও ২০২১-২০২২ অর্থ বছরের এপিএ চুক্তির 'সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ' অংশের ১.১, ১.২, ১.৩, ১.৪ ও ১.৫ সম্পর্কে বিস্তারিত উপস্থাপন করেন। এপিএ পরিকল্পনা বাস্তবায়নের জন্য নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যাবলি সম্পন্ন করার নির্দেশনা দেন সভাপতি। সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত বা সুপারিশসমূহ গ্রহণ করা হয়।

**সিদ্ধান্ত/সুপারিশসমূহঃ**

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ও জাতীয় শুদ্ধাচার কৌশল এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসন
০২	ইনস্টিটিউটের নৈতিকতা কমিটির প্রথম কোয়ার্টার এর সভা আগস্ট, ২০২১ এর শেষ সপ্তাহে আয়োজন করার বিষয়ে নৈতিকতা কমিটিকে অবগতকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	নৈতিকতা কমিটি

০৩	ইনস্টিটিউটের কর্মকর্তাদের নিয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত ০১ টি প্রশিক্ষণ সেপ্টেম্বর, ২০২১ এর প্রথম সপ্তাহে আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশিক্ষণ বিভাগ
০৪	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ০১ টি সভা সেপ্টেম্বর, ২০২১ এর শেষ সপ্তাহে জুম প্লাটফর্মে আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত পরিচালক
০৫	আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২১ এর মধ্যে বার্ষিক ক্রয় পরিকল্পনা (প্রকল্প এবং রাজস্ব) সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল প্রকল্প পরিচালক/প্রকিউরমেন্ট কর্তৃক
০৬	নতুন সিটিজেন চার্টার এর নাগরিক সেবার অংশ ছাপানোপূর্বক তা প্রশাসনিক ভবনের মূল ফটকে স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	তথ্য কর্মকর্তা
০৭	অক্টোবর, ২০২১ এর প্রথম সপ্তাহে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে একটি অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশিক্ষণ বিভাগ
০৮	অক্টোবর, ২০২১ এর দ্বিতীয় সপ্তাহে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) এর ব্যবহার সম্পর্কিত একটি প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশিক্ষণ বিভাগ

আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আজহারুল আমিন  
অতিরিক্ত পরিচালক

স্মারক নম্বর: ৩৩.০৫.২৬৭২.২০৭.০৬.০০১.১৮.৫১

তারিখ: ৭ ভাদ্র ১৪২৮

২২ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সকল প্রকল্প পরিচালক, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ২) সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৩) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশিক্ষণ, পরিকল্পনা, এবং প্রযুক্তি পরিবীক্ষণ বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৪) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ, পরিকল্পনা, এবং প্রযুক্তি পরিবীক্ষণ বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৫) উর্ধ্বতন প্রশিক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশিক্ষণ, পরিকল্পনা, এবং প্রযুক্তি পরিবীক্ষণ বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৬) নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৭) তথ্য কর্মকর্তা, প্রকাশনা ও জনসংযোগ শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৮) প্রকিউরমেন্ট কর্মকর্তা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৯) হিসাবরক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), হিসাব শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ১০) পিএ, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট



মোঃ আল-মামুন  
লাইব্রেরিয়ান